

🔳 আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمُن

আয়াতঃ ৫৫: ৩

আরবি মূল আয়াত:



তিনি সৃষ্টি করেছেন মানুষ, — আল-বায়ান

তিনিই মানুষ সৃষ্টি করেছেন, — তাইসিরুল

তিনিই সৃষ্টি করেছেন মানুষ। — মুজিবুর রহমান

Created man, — Sahih International

৩. তিনিই সৃষ্টি করেছেন মানুষ(১),

(১) অন্য এক আয়াতে বলা হয়েছেঃ (وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ) অর্থাৎ আমি জিন ও মানুষকে শুধুমাত্র আমার ইবাদত করার জন্যে সৃষ্টি করেছি। [সূরা আয যারিয়াত: ৫৬]

এখানে আরও একটি বিষয় লক্ষণীয় যে, প্রকৃতপক্ষে আল্লাহ তা'আলার পক্ষ থেকে মানুষকে শিক্ষাদানের ব্যবস্থা হওয়া কোন আশ্চর্যজনক ব্যাপার নয়। বরং তাঁর পক্ষ থেকে যদি এ ব্যবস্থা না থাকতো তাহলে সেটাই হতো বিস্ময়কর ব্যাপার। এ বিষয়টি কুরআন মজীদের বিভিন্ন স্থানে বিভিন্ন ভঙ্গিতে বুঝানো হয়েছে। কোথাও বলা হয়েছেঃ "পথ প্রদর্শন করা আমার দায়িত্ব।" [সূরা আল-লাইল: ১২] আবার কোথাও বলা হয়েছেঃ "সরল সোজা পথ দেখিয়ে দেয়া আল্লাহর দায়িত্ব। বাকা পথের সংখ্যা তো অনেক।" [সূরা আন-নাহল: ৯] অন্যত্র উল্লেখ করা হয়েছে যে, ফেরাউন মূসার মুখে রিসালাতের পয়গাম শুনে বিস্মিত হয়ে জিজ্ঞেস করলোঃ তোমার সেই 'রব' কে যে আমার কাছে দৃত পাঠায়? জবাবে মূসা বললেনঃ "তিনিই আমার রব যিনি প্রতিটি জিনিসকে একটি নির্দিষ্ট আকার-আকৃতি দান করে পথ প্রদর্শন করেছেন।" [সূরা ত্বা-হা: ৪৭–৫০]

তাফসীরে জাকারিয়া

(৩) তিনিই সৃষ্টি করেছেন মানুষ। [1]

[1] অর্থাৎ, এরা বানর ইত্যাদি জীব-জন্তু থেকে অভিব্যক্তি বা ক্রমবিকাশ লাভ করতে করতে মানুষ হয়ে যায়নি; যেমন মিষ্টার ডারউইনের বিবর্তনবাদ থিউরীতে বলা হয়েছে। বরং মানুষকে এই আকার-আকৃতিতেই শুরু থেকেই মহান আল্লাহ সৃষ্টি করেছেন যা পশুদের থেকে ভিন্ন এক স্বতন্ত্র সৃষ্টি। এখানে 'মানুষ' শব্দটি 'জিনস' তথা জাতি হিসাবে ব্যবহার হয়েছে।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4904

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন